



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/27/2026

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটের ইতিহাসে প্রথমবার ডিরেক্টর অব সিকিউরিটি অ্যান্ড ইন্টেলিজেন্স নিয়োগ দিয়েছেন

আন্তর্জাতিক সাইবার নিরাপত্তা বিশেষজ্ঞ এবং চিফ সাইবার অফিসার কলিন আহের্নকে স্টেটের সমন্বিত নিরাপত্তা ও গোয়েন্দা কৌশল এবং সাড়া দান ব্যবস্থার নেতৃত্ব দেওয়ার জন্য মনোনীত করা হয়েছে

এই নতুন উচ্চপদস্থ নেতৃত্ব স্টেটের প্রতিরক্ষা ব্যবস্থাকে সুসংহত করবে এবং নিউ ইয়র্কের ক্রমবর্ধমান প্রতিরক্ষা শিল্পের ভিত্তিকে আরো এগিয়ে নিয়ে যাবে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ নিউ ইয়র্ক স্টেট (New York State)-এর সর্বপ্রথম ডিরেক্টর অব সিকিউরিটি অ্যান্ড ইন্টেলিজেন্স (Director of Security and Intelligence, DSI) হিসেবে Colin Ahern (কলিন আহের্ন)-এর নিয়োগ ঘোষণা করেছেন। এই দায়িত্বে, ডিরেক্টর Ahern (আহের্ন), যিনি এর আগে নিউ ইয়র্ক স্টেটের চিফ সাইবার অফিসার হিসেবে দায়িত্ব পালন করেছেন, কৌশলগত দিকনির্দেশনা প্রদান করবেন এবং জাতীয় নিরাপত্তা ও গোয়েন্দা বিষয়ক বিষয়ে স্টেটের নিরাপত্তামূলক সম্পদগুলোকে আরো সুসংহত করবেন। বিশ্বব্যাপী ঝুঁকি মোকাবিলায় এবং জাতীয় নিরাপত্তার জন্য গুরুত্বপূর্ণ প্রতিরক্ষা শিল্প ও প্রযুক্তিগত উন্নয়নের সুযোগ কাজে লাগাতে DSI স্টেট ব্যাপী বিভিন্ন কার্যক্রমের সমন্বয় করবেন।

"নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখা আমার সর্বোচ্চ অগ্রাধিকার এবং আমরা বর্তমানে আগের চেয়ে অনেক বেশি জটিল ও আন্তঃসংযুক্তমূলক হুমকির সম্মুখীন হচ্ছি, আর এই কারণেই নতুন হুমকি ও শত্রুদের মোকাবিলায় আমাদের আরো আক্রমণাত্মক, উদ্ভাবনী এবং অভিযোজনক্ষম হতে হবে" **গভর্নর Hochul (হোকল) বলেন।** "এই চ্যালেঞ্জগুলো মোকাবিলা করতে এবং সুযোগগুলোকে কাজে লাগাতে, আমি Colin Ahern (কলিন আহের্ন)-কে স্টেটের প্রথম ডিরেক্টর অফ সিকিউরিটি অ্যান্ড ইন্টেলিজেন্স হিসেবে নিযুক্ত করছি। Colin (কলিন) আমাদের প্রথম চিফ সাইবার অফিসার হিসেবে সাইবার হুমকি মোকাবিলায় নিউ ইয়র্ক স্টেটকে দারুণভাবে সেবা দিয়েছেন, এখন তিনি স্টেট, স্থানীয় ও ফেডারেল সরকারের অংশীদারদের সাথে যৌথভাবে তার কাজকে এক নতুন উচ্চতায় নিয়ে যাবেন যাতে আমরা যেকোনো উদীয়মান হুমকির বিরুদ্ধে আমাদের স্টেট ও কমিউনিটিকে নিরাপদ রাখতে পারি।"

ডিরেক্টর অফ সিকিউরিটি অ্যান্ড ইন্টেলিজেন্স সরাসরি স্টেট অপারেশনের ডিরেক্টর Jackie Bray (জ্যাকি ব্রে)-এর কাছে রিপোর্ট করবেন এবং বৈদেশিক ক্ষতিকর প্রভাব, হাইব্রিড যুদ্ধ এবং অন্যান্য জাতীয় নিরাপত্তা ইস্যুগুলোতে একটি সমন্বিত স্টেটীয় প্রতিক্রিয়া নিশ্চিত করতে স্টেটীয়

সংস্থা, স্থানীয় সরকার, ফেডারেল অংশীদার এবং বেসরকারি খাতের সাথে সমন্বয় করবেন। উপরন্তু, DSI নিউ ইয়র্কের প্রতিরক্ষা ও নিরাপত্তা শিল্পে বিনিয়োগের পক্ষে জোরালো ভূমিকা রাখবেন, ডিফেন্স ইন্ডাস্ট্রিয়াল বেস, ড্রোন, কোয়ান্টাম এবং জাতীয় নিরাপত্তার জন্য গুরুত্বপূর্ণ অন্যান্য প্রযুক্তি সহ প্রধান ক্ষেত্রগুলোতে অংশীদারিত্ব সহজতর করবেন।

ডিরেক্টর অব সিকিউরিটি অ্যান্ড ইন্টেলিজেন্সের Colin Ahern (কলিন আহের্ন) বলেন, "নিউ ইয়র্ক স্টেটের প্রথম ডিরেক্টর অফ সিকিউরিটি অ্যান্ড ইন্টেলিজেন্স হিসেবে মনোনীত হওয়া এবং নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখতে কাজ চালিয়ে যেতে পারা আমার জন্য অত্যন্ত সম্মানের। নিউ ইয়র্ক বর্তমান সময়ের চ্যালেঞ্জগুলো মোকাবিলা করে চলেছে যা আমাদের নিরাপত্তা, প্রতিরক্ষা এবং গোয়েন্দা প্রচেষ্টাকে আরো শক্তিশালী করেছে এবং নিউ ইয়র্ক যেন নিরাপত্তা ও গোয়েন্দা তথ্যের ক্ষেত্রে জাতীয়ভাবে শীর্ষ পর্যায়ে থাকে, তা নিশ্চিত করার জন্য গভর্নর Hochul (হোকল)-এর নিরবিচ্ছিন্ন নেতৃত্ব এবং অঙ্গীকারের জন্য আমি তার কাছে কৃতজ্ঞ।"

এই নতুন দায়িত্বে গোয়েন্দা তথ্য এবং নিরাপত্তা বিষয়ে ডিরেক্টর Ahern (আহের্ন)-এর প্রায় দুই দশকের অভিজ্ঞতা রয়েছে। এর আগে তিনি স্টেটের প্রথম চিফ সাইবার অফিসার হিসেবে দায়িত্ব পালন করেছেন। তিনি মার্কিন সেনাবাহিনীর ব্রোঞ্জ স্টার (Bronze Star) পদকে সম্মাননাপ্রাপ্ত একজন সাবেক কর্মকর্তা এবং আফগানিস্তানে দুই বার যুদ্ধে অংশ নেওয়া একজন অভিজ্ঞ ভেটেরান। ডিরেক্টর Ahern (আহের্ন) কলাম্বিয়া ইউনিভার্সিটি এবং জর্জ সি. মার্শাল সেন্টার ফর ইউরোপিয়ান সিকিউরিটি স্টাডিজ হাইব্রিড ওয়ারফেয়ার, ইন্টেলিজেন্স এবং সাইবার সিকিউরিটি বিষয়ে অধ্যাপনা করেছেন, তিনি কাউন্সিল অন ফরেন রিলেশনস (Council on Foreign Relations)-এর একজন টার্ম মেম্বর এবং NYU স্টার্ন স্কুল অব বিজনেস থেকে MBA ডিগ্রিধারী।

চিফ সাইবার অফিসার হিসেবে স্থায়ী কাউকে নিয়োগ না দেওয়া পর্যন্ত Michaela Lee (মিকায়েলা লি) ভারপ্রাপ্ত চিফ সাইবার অফিসার হিসেবে দায়িত্ব পালন করবেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে
টেক্সট পাঠান

[আনসাবস্কাইব করুন](#)